গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩১তম সভার) সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	: জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা
সভার তারিখ	: ২৭/১২/২০২১ খ্রি.
সময়	: বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা পরিষদ মিলনায়তন

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ডিসেম্বর ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩১তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়।	ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.১	গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।	১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪.১	মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা। ২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা।

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫.১	উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের নভেম্বর-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন। **নভেম্বর ২০২১ আয় অংশ :** (ক) অবশিষ্ট স্থিতি = ৬৫,৪৯,২০৮/- খ) সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =১৭,১৯,৪০৯/- মোট আয় = ৮২,৬৮,৬১৭/- **নভেম্বর ২০২১ ব্যয় অংশ :** ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/- (খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৪,১০০/- (গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/- (ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/- (ঙ) উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়োজিত আনসার সদস্যের বেতন বাবদ = ৫,০০০/- = ১,৬৮,১০০/- অবশিষ্ট স্থিতি =৮১,০০,৫১৭/-(একাশি লক্ষ পাঁচশত সতের) টাকা।	১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।	১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় নভেম্বর ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন।	১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৭.১	**উপজেলা কৃষি অফিস ঃ-** উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, রবি/২০২১-২০২২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বোরো ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ৫ কেজি করে বোরো (উফসী) বীজ ও ১০ কেজি করে ডিএপি ও এমওপি সার বিতরণ সম্পন্ন করা হয়েছে। এছাড়া উল্লেখিত অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে ২ কেজি করে হাইব্রিড বিজ বিতরণের কাজ সম্পন্ন হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়।	১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম।
৭.৩	**উপজেলা প্রকৌশলী অফিস ঃ** ক) উপজেলা পরিষদ অভ্যন্তরস্থ আদালত ভবন নিলামের মাধ্যমে অপসারণের কার্যক্রম চলমান রয়েছে। আদালত ভবনে উপজেলা ডিজিটাল সেন্টার রয়েছে। পরিষদের সিদ্ধান্ত মোতাবেক উক্ত সেন্টার অফিসার্স ক্লাবে এবং অফিসার্স ক্লাবের কার্যক্রম অস্থায়ীভাবে টিনশেড কোয়ার্টার্সে স্থানান্তরের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে উক্ত ভবনদ্বয় ব্যবহার উপযোগী করতে সংস্কার করা প্রয়োজন। উপজেলা হিসাব রক্ষণ অফিসের বৈদ্যুতিক সংযোগ ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে মর্মে হিসাবরক্ষণ অফিসার জানিয়েছেন। তাঁর দপ্তরের দরজা ভেঙ্গে গেছে এবং বাথরুম ব্যবহারের অনুপোযোগী। তিনি বর্ণিত মেরামত কাজ সম্পাদনের অনুরোধ জানিয়ে পত্র প্রদান করেছেন। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কক্ষের গ্লাস ডোর ভেঙ্গে গেছে। উক্ত গ্লাস ডোর মেরামতের জন্য তিনি অনুরোধ জানিয়েছেন। বর্ণিত মেরামত কাজসমূহ বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।	ক) প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনসহ (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) আরএফকিউ পদ্ধতিতে। কাজ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হলো। এ কাজের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ-৩ক অনুযায়ী রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন।	১।চেয়ারম্যান উপজেলা পরিষদ লাকসাম ২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম। ৩। উপজেলা প্রকৌশলী, লাকসাম।
	খ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র আওতায় বিভিন্ন কাজ এবং আদালত ভবন নিলাম বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে। বাংলা ও ইংরেজি মিলিয়ে মোট ০৫টি পত্রিকা বিল বাবদ ১৭০,৪৭৫ টাকা বিল দাখিল করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিধি মোতাবেক উক্ত টাকা পরিশোধের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়।	খ) দাখিলকৃত বিজ্ঞাপন বিল বাবদ মোট ১৭০,৪৭৫/- টাকা বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম ২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।

৭.৫	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন এ বছর কোভিড-১৯ এর কারণে বই উৎসব হবে না। মাধ্যমিক পর্যায়ে এ পর্যন্ত ০৬টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদানের জন্য তালিকা প্রস্তুত করা হচ্ছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা এবং শিক্ষার্থীদের শতভাগ ভ্যাকসিন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম
৭.৬	**উপজেলা বিআরডিবি অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম জানান, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর ওপর ৪০ জন সুফলভোগীদের ০৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২৫ জন সদস্যের মধ্যে ভূট্টা, সরিষা, মাসকলাই বীজ বিতরণ করা হয়। এছাড়া চলতি মাসে ১৮,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ৯,৩৯৬০০/- টাকা ঋণ আদায় করা হয়। শেয়ার আদায় করা হয় ২৪,৩৩০টাকা। সঞ্চয় আদায় করা হয় ৩৯,১৯০/- টাকা।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসামকে বলা হয়।	উপজেলা সমবায় অফিসার, লাকসাম
৭.৭	**উপজেলা বিএডিসি অফিস:** উপসহকারী প্রকৌশলী (সেচ) লাকসাম বলেন, বিএডিসি অফিসের কার্যক্রমগুলো স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরের উপজেলা বিএডিসি অফিসের সকল কার্যক্রম সম্পন্ন করতে সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে বিএডিসি অফিসের সকল কার্যক্রমে ইউনিয়ন চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করার জন্য উপসহকারী প্রকৌশলী (সেচ) লাকসামকে বলা হয়।	১। উপসহকারী প্রকৌশলী (সেচ) ২। চেয়ারম্যান (সকল) লাকসাম
৭.৯	**উপজেলা মহিলা বিষয়ক অফিস:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসাম বলেন, ২০২১-২২ চক্রের ভিজিডি ডিসেম্বর/২১ মাসের খাদ্য অর্পনাদেশ ডি.ও প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে দরিদ্র মায়ের জন্য মাতৃত্বভাতা কর্মসূচির সেপ্টেম্বর/২১ মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। জানুয়ারী/২০২২ থেকে মার্চ/২০২২ পর্যন্ত তিন মাসের আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব প্রকল্পের জন্য ২০২২ সালের জন্য নতুন ক্লাব সদস্যদের তালিকা প্রস্তুত করা হয়েছে। ইউজিডিপি প্রকল্পের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে। এছাড়া আন্তর্জাতিক নারী নির্যাতিন দিবস ও বেগম রোকেয়া দিবস ২০২১ উদযাপন উপলক্ষে "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রমের আওতায় ০৯ ডিসেম্বর ২০২১ তারিখে ০৫টি ক্যাটাগরিতে ০৫ শ্রেষ্ঠ জয়িতাকে সংবর্ধনা প্রদান করা হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসামকে বলা হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম

৮

৭.১০	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :** ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকার বিপরীতে ১০টি, ৫৬.৯৯৪৫ মে:টন চাউলের বিপরীতে ৯টি এবং ৫৬.৯৯৪৫ মে:টন গমের বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের ৪০% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।	ক) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
	খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে ১৪ টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন চাউলের বিপরীতে ০৮টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন গমের বিপরীতে গৃহীত ০৮টি প্রকল্পের ৪০% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।	খ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
	গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৩০%কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।	গ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
	ঘ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ২৪,৭৮,৮৩৩/- টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৩০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।	ঘ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
	(ঙ) ২০২১-২০২২ অর্থ বছরে আসন্ন শীত মৌসুমে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণের জন্য জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয় হতে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নের জন্য ৪৭০টি করে মোট ৪২৩০ পিচ কম্বল অত্র উপজেলার জন্য উপ-বরাদ্দ পাওয়া গেছে।	(ঙ) উক্ত বরাদ্দকৃত কম্বল সমূহ বিতরণের মাস্টাররোল এ কার্যালয়ে দাখিলের জন্য পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। মেয়র, লাকসাম পৌরসভা। ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। ৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
	(চ) ২০২১-২০২২ অর্থ বছরে আসন্ন শীত মৌসুমে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে বরাদ্দপ্রাপ্ত ৭,৬৪,৫৮২/- টাকার মাধ্যমে স্থানীয়ভাবে ২৪৪৪টি কম্বল ক্রয় করে ০১টি পৌরসভা ও ০৮টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।	(চ) উক্ত বরাদ্দকৃত কম্বল সমূহ বিতরণের মাস্টাররোল এ কার্যালয়ে দাখিলের জন্য পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। মেয়র, লাকসাম পৌরসভা। ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। ৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।

	(ছ) ২০২১-২০২২ অর্থ বছরে অতি-দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি-১ম পর্যায়ের জন্য উপকারভোগীদের প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে বলা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোন ইউনিয়ন হতে প্রকল্প তালিকা পাওয়া যায়নি।	(ছ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে জরুরী ভিত্তিতে উপকারভোগীর ব্যাংক একাউন্টসহ প্রকল্প তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৮.১	**লাকসামপূর্ব ইউপি সংক্রান্ত ঃ** চেয়ারম্যান লাকসামপূর্ব ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন লাকসামপূর্ব ইউনিয়ন ভবন বরাদ্দের অগ্রগতি সম্পর্কে জানতে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া লাকসামপূর্ব ইউনিয়নের সকল স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে ইউপি ভবনের বরাদ্দের কোন পত্র এখনো পাওয়া যায়নি । বরাদ্দ পাওয়া গেলে জানানো হবে।	১। চেয়ারম্যান মুদাফরগঞ্জ দঃ ইউনিয়ন পরিষদ

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৯.১	**উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন বর্তমানে কোভিড-১৯ আক্রান্তের হার বেড়ে চলছে। সকলকে স্বাস্থ্য বিধি যথাযথ মেনে চলার জন্য তিনি বলেন। এছাড়া বিভিন্ন দপ্তরের উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এসব প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলায় বিভিন্ন দপ্তরের গৃহীত প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়ন করতে সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।	১। দপ্তরপ্রধান (সকল) লাকসাম ২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম,
৯.২	**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, এখন ওয়াজ মাহফিলের মৌসুম চলছে। ওয়াজ মাহফিলের জন্য উপজেলা থেকে কোন অনুমতি দেয়া হবে না। জেলাপ্রশাসক থেকে অনুমতি নিয়ে এবছর ওয়াজ মাহফিল পরিচালনা করতে হবে। এছাড়া বিভিন্ন দপ্তরে সেবা কার্যক্রম আরো সহজ করে সেবাগ্রহীতাদের দ্রুত সেবা দেওয়ার উপর গুরুত্বারোপ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে যে বিভিন্ন দপ্তরের সেবা কার্যক্রম আরো দ্রুততার সাথে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। দপ্তর প্রধান (সকল) লাকসাম

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২১- ৯৫৮

তারিখঃ ১২ পৌষ ১৪২৮
২৭ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ....অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

২৭।১২।২১
(এ,কে,এম সাইফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।